# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৩৬. মানুষ হত্যা না করা

মানুষ হত্যা করা ফৌজদারী অপরাধ হিসাবে গণ্য। মানুষ হত্যা শরীআতে নিষিদ্ধ। আল্লাহ্ সুবহানাহু তা'আলা বলেছেন,

وَمَن يَقْتُلْ مُؤْمِنًا مُّتَعَمِّدًا فَجَزَاؤُهُ جَهَنَّمُ خَالِدًا فِيهَا وَغَضِبَ اللَّهُ عَلَيْهِ

কেউ ইচ্ছেকৃত কোনো ঈমানদারকে হত্যা করলে তার পরিণাম জাহান্নাম। সেখানে স্থায়ীভাবে সে থাকবে। আর আল্লাহও তার উপর অসন্তুষ্ট থাকবেন।[১]

আরও বলা হয়েছে,

وَلَا تَقْتُلُوا أَنْفُسَكُمْ

‘তোমরা পরস্পর খুনাখুনিতে লিপ্ত হয় না।

সহীহ্ আল বুখারী ও সহীহ মুসলিমে আবদুল্লাহ্ ইবনু মাসউদ (রাঃ) থেকে বর্ণিত হয়েছে, আল্লাহর রাসূল (সা.) বলেছেন,

قِتَالُ الْمُسْلِمِ كُفْرٌ وَسِبَابُهُ فُسُوقٌ

‘কোনো মুসলিমের সাথে লড়াই করা কুফরী এবং গালি দেয়া ফাসেকী।[২]

সহীহ আল বুখারী ও সহীহ মুসলিমের অন্য হাদীসে বলা হয়েছে, নবী করীম (সা.) বলেছেন,

أَوَّلُ مَا يُقْضَى بَيْنَ النَّاسِ يَوْمَ الْقِيَامَةِ فِي الدِّمَاءِ

‘কিয়ামতের দিন সর্বপ্রথম মানুষের মধ্যে খুনের বিচার করা হবে।[৩]

ইবনু উমার (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ (সা.) বলেছেন,

لا يزال العبد في فسحة من دينه ما لم يصب دما حراما

‘একজন মুসলিম কখনও তার দীনের সীমালংঘন করে না এবং অযথা রক্তপাত এড়িয়ে চলে, যা আল্লাহ হারাম করেছেন।[৪]

## ফুটনোট

[১]. সূরা আন নিসা, আয়াত : ৯৩।

[২]. সহীহ্ আল বুখারী, ঈমান অধ্যায়; সহীহ মুসলিম, ঈমান অধ্যায়।

[৩]. সহীহ আল বুখারী, রিকাক অধ্যায়; সহীহ মুসলিম, কাসামা অধ্যায়।

[৪]. সহীহ আল বুখারী, সহীহ মুসলিম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12334

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন